

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৫৮(আগরতলা,০৫।০৩)
জম্পুইজলা, ০৫ মার্চ, ২০১৯

গাবদীতে একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন

আজ সকালে জম্পুইজলা মহকুমার গাবদীতে ৪৮০ আসন বিশিষ্ট একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়েছে। এক অনুষ্ঠানে এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন উপজাতি কল্যাণমন্ত্রী মেবার কুমার জমাতিয়া। এই উপলক্ষে গাবদী কমিউনিটি হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে রাজস্বমন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা বলেন, জম্পুইজলা মহকুমায় শীঘ্রই একটি ডিগ্রী কলেজ খোলা হবে। তিনি জানান, গাবদী একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের জন্য রাজ্য সরকার ১৫ একর জায়গা বন্দোবস্ত দিয়েছে। কিছু দিনের মধ্যেই বিদ্যালয় নির্মাণের কাজ শুরু হবে। এই বিদ্যালয় নির্মাণের জন্য ২৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। অনুষ্ঠানে উপজাতি কল্যাণমন্ত্রী মেবার কুমার জমাতিয়া বলেন, এই বিদ্যালয়ে যারা লেখাপড়া করবে তাদের লেখাপড়া, থাকা খাওয়ার যাবতীয় খরচ উপজাতি কল্যাণ দপ্তর বহণ করবে। বর্তমানে ত্রিপুরায় এরকম ৪টি বিদ্যালয় রয়েছে। পিছিয়েপড়া উপজাতি ছাত্র-ছাত্রীদের গুণগত শিক্ষা ব্যবস্থার জন্যই সরকারের এই প্রচেষ্টা বলে জানান উপজাতি কল্যাণমন্ত্রী। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন সিপাহীজলা জেলা উন্নয়ন আধিকারিক এন ডালং এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিধায়ক বীরেন্দ্র কিশোর দেববর্মা। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী ব্রজলাল দেববর্মা, রামনাথ দেববর্মা, হরাতুস দেববর্মা, পূর্ত দপ্তরের নির্বাহী বাস্তুকার সুজিত পাটোয়ারি ও জম্পুইজলা ব্লকের বি ডি ও বরুণ দেববর্মা।
